গণহত্যায় জড়িতদের বিচার না হলে জুলাই শহীদদের প্রতি অবিচার হবে: অ্যাটর্নি জেনারেল



সংগৃহীত ছবি

অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান বলেছেন, গণহত্যায় জড়িত অভিযুক্তদের, বিশেষ করে শেখ হাসিনাসহ যারা দোষী, তাদের বিচার না হলে জুলাই আন্দোলনে শহীদ ও আহতদের প্রতি অন্যায় স্থায়ী হয়ে থাকবে। মানবতাবিরোধী অপরাধের মামলায় বৃহস্পতিবার (২৩ অক্টোবর) প্রসিকিউশন পক্ষ যখন শেষ দিনের যুক্তিতর্ক উপস্থাপন করছিল, তখন তিনি এ মন্তব্য করেন।

তিনি বলে; আমি আশা করেছিলাম যে শেখ হাসিনা ন্যায়বিচারের মুখোমুখি হবেন। কারণ তিনি অন্যদের উদ্দেশ্যে বলেছিলেন, 'সাহস থাকলে বিচার গ্রহণ করুন'। কিন্তু যদি তিনি সত্যিই এটি বিশ্বাস করতেন, তবে দেশের মাটিতে এসে আদালতের সামনে দাঁড়াতেন।

তিনি আরও বলেন, অভিযুক্তদের শাস্তি নিশ্চিত না হলে বাংলাদেশের অসংখ্য মানুষের জীবন ঝুঁকির মুখে পড়বে। ন্যায়বিচার না নিশ্চিত করলে ভবিষ্যতের ইতিহাসে জনগণ ভীতু ও কাপুরুষ হিসেবে পরিচিত হবে। এজন্য তিনি সর্বোচ্চ শাস্তির দাবি জানান।

ট্রাইব্যুনাল মন্তব্য করেছে যে ন্যায়বিচার নিশ্চিত হবে এবং দুই পক্ষই অবশ্যই ন্যায়বিচারের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। বর্তমানে প্রসিকিউশন পক্ষ সর্বশেষ দিনের যুক্তিতর্ক উপস্থাপন করছে, এরপর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ রায়ের জন্য দিন ধার্য করবেন।

এর আগে মামলায় জুলাই আন্দোলনে শহীদদের পরিবার, আহতরা এবং চিকিৎসকসহ মোট ৫৪ জন সাক্ষ্য দিয়েছেন। সাক্ষ্য থেকে উঠে এসেছে—জুলাই গণহত্যা, নৃশংসতা, আওয়ামী লীগ শাসনের সময়ে গুম-খুন ও নির্যাতনের নানা ঘটনা।

রাজসাক্ষী হিসেবে সাক্ষ্য দিয়েছেন তখনকার পুলিশের আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল মামুন। তিনি গণহত্যার পেছনের ঘটনাবলি এবং নির্দেশদাতা ও বাস্তবায়কের নাম প্রকাশ করেছেন। প্রসিকিউশন জানাচ্ছে, এপর্যন্ত উপস্থাপিত সাক্ষ্য ও প্রমাণ যেকোনো আন্তর্জাতিক আদালতে অভিযুক্তদের অপরাধ প্রমাণের জন্য যথেষ্ট।